

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-০৫

১৭ চৈত্র, ১৪২১

তারিখঃ-----

০১ এপ্রিল, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ তে বর্ধিত হার মোতাবেক এসআরও জারির  
তারিখ থেকে নবায়ন ফিসহ নিবন্ধন ফি আদায় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আমদানি ও রপ্তানী নিয়ন্ত্রকের দপ্তরের ১৯/০৩/২০১৫ তারিখের ২৬.০৩.১১০০.০০৪.০০.০১০.২০১৪-  
৩৫৭ নং পত্র (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ কার্যকরের তারিখ অর্থাৎ ২৪.১২.২০১২ তারিখ হতে  
অন্তর্বর্তীকালীন সময়ের বিভিন্ন প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কিংবা নবায়নের বর্ধিত/অবশিষ্ট বকেয়া ফি জরুরী ভিত্তিতে আদায়পূর্বক  
এতদসংক্রান্ত তথ্যাদি আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত



সংযুক্তি: বর্ণনানুযায়ী

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০

*TD (Mr. Rubina)*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর  
১১১-১১৩ মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd  
controllerdhaka@gmail.com

*২৪/৩/২০১৫*  
**DGM-1/2/3**  
*২৪/৩/১৫*

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
(জিএম শাখা)  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
তারিখ: ২৬/৩/১৫  
তারিখ: ২৪/৩/১৫

নং- ২৬.০৩.১১০০.০০৪.০০.০১০.২০১৪-৬৫৭

তারিখ: ১৯ মার্চ ২০১৫ খ্রিঃ

বিষয়ঃ আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ তে বর্ণিত হার মোতাবেক এসআরও জারির তারিখ থেকে নবায়ন  
ফিসহ নিবন্ধন ফি আদায় প্রসঙ্গে।

সূত্রঃ প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ২৫/০২/২০১৫ তারিখের নং- ২৬.০৩.০০০০.০০৭.০৩.০৫৮.১৪-২৭৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ২৪-১২-২০১২ তারিখে এসআরও নং- ৪১১-আইন/২০১২ এর মাধ্যমে আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ জারি করা হয়। এ আদেশের কপি সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকসহ আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীনস্থ আঞ্চলিক দপ্তরসমূহে বিলম্বে পৌছার প্রেক্ষিতে আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ অনুযায়ী বর্ধিত হারে নবায়ন ফিসহ নিবন্ধন ফি আদায় করা সম্ভব হয়নি। ইতোমধ্যে এ বিষয়ে অডিট আপত্তি উত্থাপিত হলে অ-নিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় বিগত ১২-০১-২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় অন্তর্বর্তীকালীন সময়ের বর্ধিত ফি এর অবশিষ্টাংশ আদায়ের দিক নির্দেশনা প্রদান করা হয়।

২। বর্ধিত অবস্থার প্রেক্ষাপটে আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ কার্যকরের তারিখ অর্থাৎ ২৪-১২-২০১২ তারিখ হতে অন্তর্বর্তীকালীন সময়ের বিভিন্ন প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কিংবা নবায়নের বর্ধিত/অবশিষ্ট বকেয়া ফি জরুরী ভিত্তিতে আদায়পূর্বক এতদসংক্রান্ত তথ্যাদি আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকায় প্রেরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

*২৪/৩/১৫*  
(প্রকৌঃ এ,টি,এম, মহিউদ্দিন ফারুক)  
নির্বাহী অফিসার  
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে

মহাব্যবস্থাপক

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ,  
বাংলাদেশ ব্যাংক,  
মতিঝিল, ঢাকা -১০০০।

নং- ২৬.০৩.১১০০.০০৪.০০.০১০.২০১৪-

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৩৫-৪৪ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৯০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ৩৪ দিলকুশা বা/এ, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ভবন, ৮৩-৮৪ মতিঝিল ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্প ব্যাংক, প্রধান কার্যালয়, বিএসবি বিল্ডিং, ৮ রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৮। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, সেনা কল্যান ভবন, ১৫ মতিঝিল বা/এ, ঢাকা।